নেত্রকোণা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০, বাংলাদেশ
সংস্থাপন শাখা
ওয়েবসাইট: www.neu.ac.bd

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০১.৭২০১.০০০.০১৪.১১.০০০১.২৩.২১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বয়স | পদের সংখ্যা | শর্তাবলী |
|---|---|---|---|
| ০১ | **পরিচালক** (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৫৬,৫০০-৭৪,৪০০/-<br>(গ্রেড-৩)<br>সর্বনিম্ন ৪৫ বছর | ০১ | * প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদি বিএসসি (ইঞ্জিনিয়ারিং)/ নগর ও অঞ্চল পরিকল্পনা/আর্কিটেকচার/সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনে সকল পর্যায়ে সর্বনিম্ন ২য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।<br>* প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন কাজে অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমান বা তদূর্ধ্ব পদে সর্বনিম্ন ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১৫ (পনেরো) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>* প্রার্থীকে অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন কাজে/ প্রশাসনে/শিক্ষকতায়/শিক্ষা ব্যবস্থাপনায় উপ-পরিচালক/সমমান বা তদূর্ধ্ব পদে সর্বনিম্ন ৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১৫ (পনেরো) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>* বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার শর্তে উল্লেখিত নির্ধারিত বিভাগের শর্ত অথবা অন্য যেকোনো একটি শর্ত শিথিলযোগ্য।<br>* পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে স্মারক নংঃ ৩৭.০১.৭২০১.০০০৩.০১৪.১১.০০০৩.২৩.৪১১/ ০৬ মার্চ ২০২৫ খ্রি. ও স্মারক নংঃ ৩৭.০১.৭২০১.০০০.০১৪.১১.০০০৩.২৩.৩৭, ১৬ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | **সহযোগী অধ্যাপক** (গ্রেড-৪)<br>৫০,০০০-৭১,২০০<br>আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ-<br>পদসংখ্যা ১ টি<br><br>তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগ-<br>পদসংখ্যা ১ টি | ০২ | * প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের যেকোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br><br>**১.** আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের **প্রার্থীর-**<br>স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।<br>* সনাতন পদ্ধতিতে পাশকৃত প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার যেকোনো ১ (এক) টিতে ১ম শ্রেণি থাকতে হবে।<br><br>২. তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের প্রার্থীর-<br>স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>* **সনাতন** পদ্ধতিতে পাশকৃত প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ১ম শ্রেণি থাকতে হবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক বা **তদূর্ধ্ব পদে** ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার/ উচ্চতর স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক বা **তদূর্ধ্ব পদে** ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার/ উচ্চতর স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক বা **তদূর্ধ্ব পদে** ন্যূনতম ০৩ (তিন) বছরসহ মোট ন্যূনতম ০৬ (ছয়) বছরের সক্রিয় শিক্ষকতার/ উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৫ (পাঁচ) টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে; তন্মধ্যে, সহকারী অধ্যাপক বা **তদূর্ধ্ব পদে** ন্যূনতম ০৩ (তিন) টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে।<br>৭. সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী থাকলে শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার যেকোনো ০১ (এক) টি শর্ত শিথিলযোগ্য।<br>৮. সংশ্লিষ্ট বিষয়ে বিদেশী স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে উল্লিখিত নিয়োগের শর্ত শিথিলযোগ্য। |
| ০৩ | **উপ-পরিচালক** (অর্থ ও হিসাব)<br>৪৩,০০০-৬৯,৮৫০/-<br>(গ্রেড-৫)<br>সর্বোচ্চ ৪৫ বছর | ০১ | * প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য/বিজ্ঞান/সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগে স্নাতক (সম্মান)-সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনে সকল পর্যায়ে সর্বনিম্ন ২য় বিভাগ/ শ্রেণি /সমমানের সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।<br>* প্রার্থীকে অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)/সমমানের বা তদূর্ধ্ব পদে সর্বনিম্ন ৪ (চার) বছরের চাকরির অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ৮ (আট) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>* যথাযথ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার শর্তে উল্লেখিত নির্ধারিত বিভাগের শর্ত অথবা অন্য যেকোনো একটি শর্ত শিথিলযোগ্য।<br>*উপ-পরিচালক (অর্থ ও হিসাব) পদে স্মারক নংঃ ৩৭.০১.৭২০১.০০০৩.০১৪.১১.০০০৩.২৩.৪১১/ ০৬ মার্চ ২০২৫ খ্রি. ও স্মারক নংঃ ৩৭.০১.৭২০১.০০০.০১৪.১১.০০০৩.২৩.৩৭, ১৬ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখে আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **সহকারী অধ্যাপক** (গ্রেড-৬)<br>৩৫,৫০০-৬৭,০১০/-<br>আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ- পদসংখ্যা-১ টি<br><br>উন্নয়ন অধ্যয়ন বিভাগ-<br>পদসংখ্যা ১টি | ০২ | ১. যেকোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ ও উন্নয়ন অধ্যয়ন বিভাগভুক্ত প্রার্থীর-<br>ক) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যেকোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।<br>খ) সনাতন পদ্ধতিতে পাশকৃত প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার যেকোনো ১ (এক) টিতে ১ম শ্রেণি থাকতে হবে।<br>৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক বা তদূর্ধ্ব পদে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার/ উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক বা তদূর্ধ্ব পদে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছর সক্রিয় শিক্ষকতার/ উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক/সমমান বা তদূর্ধ্ব পদে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০২ (দুই) টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে।<br>৭. সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী থাকলে শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার যেকোনো ০১ (এক) টি শর্ত শিথিলযোগ্য।<br>৮. সংশ্লিষ্ট বিষয়ে বিদেশী স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে উল্লিখিত নিয়োগের শর্ত শিথিলযোগ্য। |
| ০৫ | **প্রভাষক** ( গ্রেড-০৯)<br>২২,০০০-৫৩,০৬০/<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | ০১ | ১. যেকোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগভুক্ত প্রার্থীর-<br>ক) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>খ) প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত বিভাগ থেকে সনাতন পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতেই ১ম শ্রেণি থাকতে হবে।<br>গ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী থাকলে শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার যেকোনো ০১ (এক) টি শর্ত শিথিল করা যেতে পারে।<br>ঘ) সংশ্লিষ্ট বিষয়ে বিদেশী স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে উল্লিখিত নিয়োগের শর্ত শিথিল করা যেতে পারে। |
| ০৬ | **সহকারী প্রকৌশলী** (ইলেকট্রিক্যাল)<br>২২,০০০-৫৩,০৬০<br>(গ্রেড ৯)<br>সর্বোচ্চ ৩২ বছর | ০১ | * প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি/বিএসসি (ইঞ্জিনিয়ারিং) (ইলেকট্রিক্যাল) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনে সকল পর্যায়ে সর্বনিম্ন ২য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে। |

বিশেষ দ্রষ্টব্য: এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত সংশ্লিষ্ট বিভাগ হতে ডিগ্রীধারী প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

| বিভাগ | সংশ্লিষ্ট বিভাগ |
|---|---|
| আন্তর্জাতিক সম্পর্ক | আন্তর্জাতিক সম্পর্ক |
| উন্নয়ন অধ্যয়ন বিভাগ | উন্নয়ন অধ্যয়ন/অর্থনীতি/পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন/রাষ্ট্রবিজ্ঞান/সরকার ও রাজনীতি/ নৃবিজ্ঞান/ সমাজ বিজ্ঞান/জেন্ডার স্টাডিস |
| তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগ | ইলেক্ট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/অ্যাপ্লাইড ফিজিক্স |
| কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল/ ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইন্সটিটিউট অব ইনফরমেশন টেকনোলজি/ সফটওয়ার ইঞ্জিনিয়ার/রোবটিক্স অ্যান্ড মেকাট্রনিক্স/অ্যাপ্লাইড ফিজিক্স |

**আবেদনের শর্তাবলি:**

১) আগ্রহী প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরম (www.neu.ac.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে) যথাযথভাবে পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর ০৫ (পাঁচ) সেট আবেদনপত্র একটি A৪ খামে জমা দিতে হবে।

২) খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩) প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই জমা প্রদান করতে হবে-

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত প্রতিলিপি।

খ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত প্রতিলিপি

গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৭ কপি সত্যায়িত ছবি (মূল সেটের সাথে ৩ কপি এবং অবশিষ্ট প্রতি সেটের সাথে ১ কপি করে ছবি সংযুক্ত করতে হবে)।

ঘ) যেকোনো এক সেট আবেদনপত্রের সাথে অগ্রণী ব্যাংকের যেকোনো শাখা থেকে **নিয়োগ তহবিল, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়** বরাবর নিম্নছকে বর্ণিত হার মোতাবেক ১ (এক) টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।

| **পদের গ্রেড** | **পরীক্ষা ফি হার (টাকা)** |
|---|---|
| ৯ম গ্রেড বা তদুর্ধ (নন ক্যাডার) | ২০০/- (দুইশত টাকা) |
| ১০ম গ্রেড | ২০০/- (দুইশত টাকা) |
| ১১তম থেকে ১২তম গ্রেড | ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) |
| ১৩তম থেকে ১৬তম গ্রেড | ১০০/- (একশত টাকা) |
| ১৭তম থেকে ২০তম গ্রেড | ৫০/- (পঞ্চাশ টাকা) |
| সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) | ৫০/- (পঞ্চাশ টাকা) |

ঙ) চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪) আবেদনের তারিখ ৯ জুন, ২০২৬ খ্রি. থেকে ২৯ জুন ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা। ডাকযোগে/সশরীরে রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা-২৪০০ ঠিকানায় পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না।

৫) নির্ধারিত আবেদনপত্রে, পদের নাম, বিভাগ/দপ্তরের নাম, নিজের নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ, ৮ জুন, ২০২৬ তারিখের বয়স, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, ইমেইল, জাতীয়তা, জাতীয় পরিচয় পত্রের নম্বর, সকল শিক্ষাগত যোগ্যতার বিবরণ, অভিজ্ঞতার বিবরণ উল্লেখ করতে হবে।

৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি অনুসৃত হবে।

৭) আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল তথ্য যুক্ত করতে হবে। চাকরিতে যোগদানের পর পূর্বে অর্জিত অতিরিক্ত কোনো যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণ করা হবে না। আবেদনের তারিখে কোনো কোর্স চলমান থাকলে বা কোনো কোর্সের ফলাফল প্রক্রিয়াধীন থাকলে তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৮) আবেদনের সময়ে প্রার্থী যে পদে আবেদন করতে ইচ্ছুক সে পদে আবেদনের নূন্যতম যোগ্যতা অর্জনের জন্য পরীক্ষার ফলাফল অবশ্যই প্রকাশিত হতে হবে। প্রার্থী পরীক্ষায় অবতীর্ণ হয়েছে এরকম প্রত্যয়ন সনদ যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে না।

৯) প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (https://neu.ac.bd/recruitment-১৯) লিংকে গিয়ে অনলাইন আবেদন ফরম অবশ্যই পূরণ করতে হবে। অনলাইনে যথাযথভাবে আবেদন ফরম পূরণ না হলে **প্রার্থীকে "প্রবেশ পত্র" প্রেরণ করা হবে না।**

১০) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ ও স্বাক্ষরহীন আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১১) আবেদনকারী অসত্য তথ্য/তথ্য গোপন/নকল/জাল সনদ জমা প্রদানসহ অন্য যে কোনো প্রকার জালিয়াতির আশ্রয় নিলে তা আবেদন/চাকুরির যে কোনো পর্যায়ে কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হলে কর্তৃপক্ষ তার আবেদন বাতিল/ চাকুরি হতে অব্যাহতিসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

১২) শিক্ষাজীবনের কোনো পর্যায়ে ৩য় শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

১৩) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১৪) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৫) কর্তৃপক্ষ উক্ত নিয়োগ বাতিল/সংশোধন/ পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৮-০৬-২০২৬
ড. মোহাম্মদ হারুন-অর-রশিদ
রেজিস্ট্রার

নম্বর: ৩৭.০১.৭২০১.০০০.০১৪.১১.০০০১.২৩.২১৫/১ (৯)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

৩। প্রোগ্রামার, আইসিটি সেল, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

৪। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
৫। মেডিকেল অফিসার (মেডিসিন), মেডিকেল সেন্টার, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
৬। নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
৭। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), ট্রেজারার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
৮। পিএ টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
৯। ডেসপাচ ক্লার্ক, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।

০৮-০৬-২০২৬
বুরহান উদ্দীন
সহকারী রেজিস্ট্রার